

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২১

আগরতলা, ১৫ এপ্রিল, ২০২৪

রাজভবনে হিমাচল প্রদেশের প্রতিষ্ঠা দিবস উদযাপন
বিভিন্ন রাজ্যের প্রতিষ্ঠাদিবস পালনের মধ্যদিয়ে
বৈচিত্রের মধ্যে ঐক্য আরও সুদৃঢ় হয় : রাজ্যপাল



রাজভবনে আজ এক অনুষ্ঠানে হিমাচল প্রদেশ রাজ্যের প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল হিমাচল প্রদেশের ঐতিহ্য, সংস্কৃতি, অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যের কথা তুলে ধরেন। তিনি বলেন, বিভিন্ন রাজ্যের প্রতিষ্ঠা দিবস পালনের মধ্য দিয়ে বৈচিত্রের মধ্যে ঐক্য আরও সুদৃঢ় হয়। হিমাচল প্রদেশের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রাজ্যপাল হিমাচলবাসীকে উষ্ণ অভিনন্দন জানান।

অনুষ্ঠানে ত্রিপুরায় কর্মরত হিমাচল প্রদেশের নাগরিকদের সংবর্ধনা জানানো হয়। এর মধ্যে রয়েছেন আসাম রাইফেলসের ২১ সেক্টরের কমান্ডার ব্রিগেডিয়ার মনিষ রানা, ১৮ আসাম রাইফেলসের মেজর রাহুল রানা, ওএনজিসি'র জিএম (ফিন্যান্স) নন্দ লাল, ডিজিএম (ভিজিল্যান্স) রমেশ কুমার প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্রিগেডিয়ার মনিষ রানা। অনুষ্ঠানে হিমাচল প্রদেশকে নিয়ে একটি তথ্যচিত্রও প্রদর্শিত হয়। অনুষ্ঠানে রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক ও রাজভবনের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
